

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৩৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - সাক্ষাৎ ত্যাগ, সম্পর্কচ্ছেদ ও দোষাম্বেষণে নিষেধাজ্ঞা

আরবী

وَعَنْ أَبِي

الدَّرْدَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَلَا أُخْبِرُكُمْ بِأَفْضَلَ من درجةِ الصَيِّيامِ والصدقةِ وَالصَّلَاة؟» قُلْنَا: بَلَى. قَالَ: «إِصْلَاحُ ذَاتِ الْبَيْنِ وَفَسَادُ ذَاتِ الْبَيْنِ الْبَيْنِ وَفَسَادُ ذَاتِ الْبَيْنِ الْبَيْنِ وَفَسَادُ ذَاتِ الْبَيْنِ فَقَالَ: هِذَا حَدِيثٌ صَحَيِح فَي الْحَالِقَةُ» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ صَحِيح

বাংলা

৫০৩৮-[১২] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি কি তোমাদের এমন কাজ সম্পর্কে বলব না, যার সাওয়াবের মর্যাদা সিয়াম (রোযা), সাদাকা ও সালাতের চেয়েও বেশি? আবুদ্ দারদা(রাঃ) বলেন, তখন আমরা বললামঃ হে আল্লাহর রসূল! তিনি বললেনঃ সে কাজ হলো, দু'জন মুসলিমের মধ্যে আপোষ করানো। যে ব্যক্তি ঝগড়া ও বিপর্যয় সৃষ্টি করে, সে যেন মন্তক মুগুনকারী। আবূ দাউদ ও তিরমিযী; আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেনঃ এ হাদীসটি সহীহ।][1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৪৯১৯, তিরমিয়ী ২৫০৯, সহীহুল জামি' ২৫৯৫, সহীহ আত্ তারগীব ২৮১৪, সহীহ আল আদাবুল মুফরাদ ৩০৩, আহমাদ ২৭৫০৮, সহীহ ইবনু হিবান ৫০৯২, শু'আবুল ঈমান ১১০৮৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مِنْ دَرَجَةِ الصِّيَامِ وَالصَّدَقَةِ) আশরাফ (রহিমাহুল্লাহ) বলেন, এ 'আমল দ্বারা উদ্দেশ্য নফল, ফরয না। অর্থাৎ দু'জন মুসলিমের মাঝে আপোষ করানো নফল সিয়াম, সালাত ও সাদাকা হতে উত্তম। (মিরক্বাতুল মাফাতীহ)

إَصْلَاحُ ذَاتِ الْبَيْنِ) অর্থাৎ ঐ সৎ গুণের অবতারণা, যা দ্বারা জাতির মধ্যে সম্প্রীতি, ভালোবাসা ও বন্ধুত্ব প্রতিষ্ঠা



করা হয়। যেমন- মহান আল্লাহ বলেনঃ وَاللهُ عَلِيمٌ بِذَاتِ الصِّدُورِ "আর আল্লাহ অন্তরের সকল বিষয় সম্যক অবগত"- (সূরাহ্ আ-লি 'ইমরা-ন ৩ : ১৫৪)। এটাও বলা হয়ে যাকে যে, (ذَاتِ الْبَيْنِ) (দু'জন মুসলিমের মধ্যে আপোষ-মীমাংসা করানো)-এর দ্বারা উদ্দেশ্য হলো দু'জনের মধ্যকার ঝগড়া বিবাদ এবং সম্পর্ক বিচ্ছেদের অবসান ঘটানো। (الْبَيْن) বলা হয় বিচ্ছিন্নতা ও দলাদলিকে।

অর্থাৎ এটা এমন একটা গুণাবলী যা দীনকে মুগুন করে এবং সমূলে উৎপাটন করে। যেমন খুর বা ব্লেড চুলকে মুগুন করে। অত্র হাদীসে উৎসাহ-উদ্দীপনা আছে দু'জনের মাঝে মীমাংসা করার ব্যাপারে আর উভয়ের মাঝে দ্বন্দ্ব লাগানোকে নিষেধ করা হয়েছে কারণ সংশোধন এর মাঝে আল্লাহর রজ্জুকে মজবুত করে ধরার উপায় আছে। এ কাজে মুসলিমের মাঝে বিচ্ছেদ হবে না। আর দু'জনের মাঝে বিশৃঙ্খলা লাগানো দীনের জন্য বিষফোড়া। অতএব যে ব্যক্তি উভয়ের মধ্যে সংশোধনের চেষ্টা করবে এবং বিশৃঙ্খলা দূর করবে, সে ঐ ব্যক্তির চেয়ে বেশি মর্যাদাবান হবে। যে কেবলমাত্র সিয়াম পালন করে ও গোপনে তাহাজ্জুদের সালাত আদায় করে। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৯১১; তুহফাতুল আহওয়ায় ৬ষ্ঠ খন্ড, হাঃ ২৫০৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন